

**2016**  
**BENGALI**  
**[GENERAL]**  
**Paper : I**

Full Marks : 100

Time : 3 Hours

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

- ১। যে-কোনো আটটি প্রশ্নের পূর্ণবাক্যে উত্তর দাও :  $2 \times 8 = 16$
- ক) চর্যাপদ কবে, কোথা থেকে গ্রন্থাকারে প্রকাশিত হয়?
- খ) 'মনসামঙ্গল' কাব্যের দুজন কবির নাম লেখো।
- গ) রোসাঙ রাজসভার একজন কবি এবং তাঁর লেখা একটি গ্রন্থের নাম লেখো।
- ঘ) ফোর্ট উইলিয়াম কলেজের তিনজন পণ্ডিতের নাম লেখো।
- ঙ) প্যারীচাঁদ মিত্র রচিত একটি গ্রন্থের নাম লেখো। গ্রন্থটি কখন রচিত হয়?
- চ) 'অক্ষর'-এর সংজ্ঞা দাও। অক্ষর কয় প্রকার?
- ছ) 'মাত্রা' কাকে বলে? উদাহরণ দাও।
- জ) উৎপ্রেক্ষা অলংকার কয়প্রকার ও কী কী?
- ঝ) উপমা অলংকারের উদাহরণসহ সংজ্ঞা দাও।

ঞ) 'রামের মুখটি চাঁদের মতো সুন্দর।' — উদাহরণটিতে উপমেয় এবং উপমান কোন্টি?

ট) 'সংকর শব্দ' কাকে বলে? উদাহরণ দাও।

ঠ) লোকনিরুক্তি কাকে বলে? উদাহরণ দাও।

২। প্রতিটি পাঠ্যগ্রন্থ থেকে অন্তত একটি করে প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও :  $6 \times 6 = 36$

ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' গ্রন্থটির রচয়িতা কে? গ্রন্থটির আবিষ্কারকের নাম কি? গ্রন্থটির সংক্ষিপ্ত পরিচয় দাও। শ্রীকৃষ্ণকীর্তনকে আদি-মধ্য যুগের বাংলা সাহিত্যের প্রথম নিদর্শন হিসেবে গ্রহণ করা যায় কি না — বিচার করো।

$1+1+8$

খ) 'ধর্মঙ্গল' কাব্যের শ্রেষ্ঠ কবি কে? এই কাব্যকে রাঢ়ের জাতীয় কাব্য বলা হয় কেন?

$1+5$

গ) 'ভোরের পাখি' কাকে বলা হয়? তাঁর কবিকৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।

$1+5$

ঘ) কারক ও বিভক্তি কাকে বলে? কারকের প্রকারভেদ উদাহরণসহ আলোচনা করো।

$2+8$

ঙ) স্বরসঙ্গতি কাকে বলে? স্বরসঙ্গতির প্রকারভেদ আলোচনা করো।

$2+8$

চ) অপিনিহিতি কাকে বলে? দুটি উদাহরণের সাহায্যে বিষয়টি বিবৃত করো।

$2+8$

ছ) ছেদ কাকে বলে? যতির সঙ্গে ছেদের পার্থক্য উদাহরণসহ বুঝিয়ে দাও।

$2+8$

জ) যে-কোনো দুটির উদাহরণসহ সংজ্ঞা দাও : পর্ব ও পর্বাঙ্গ, শ্বাসাঘাত, চরণ।

$3+3$

- বা) উদাহরণসহ একজোড়া অলংকারের তুলনা করো :  
যমক ও শ্লেষ, অসঙ্গতি ও বিভাবনা। ৩+৩
- ঞ) 'রূপক' অলংকার কাকে বলে? উদাহরণ দিয়ে বুঝিয়ে  
দাও ২+৪
- ৩। প্রতিটি পাঠ্যগ্রন্থ থেকে অন্তত একটি করে প্রশ্ন নিয়ে মোট  
চারটি প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০
- ক) বাংলা ভাষার আদি নিদর্শন কী? গ্রন্থটি কে আবিষ্কার  
করেন? গ্রন্থটিতে বর্ণিত সমাজচিত্রের সংক্ষিপ্ত পরিচয়  
দাও। ২+৮
- খ) বাংলা উপন্যাসে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের অবদান  
কতখানি তা আলোকপাত করো। ১০
- গ) সনেট কাকে বলে? উদাহরণসহ সনেটের স্বরূপ ও  
বৈশিষ্ট্য আলোচনা করো। ২+৮
- ঘ) স্বরবৃত্ত ছন্দের সংজ্ঞা দাও। উদাহরণসহ স্বরবৃত্ত ছন্দের  
স্বরূপ ও বৈশিষ্ট্য আলোচনা করো। ২+৮
- ঙ) শব্দার্থ পরিবর্তন কাকে বলে? উদাহরণসহ শব্দার্থ  
পরিবর্তনের বিভিন্ন ধারাগুলি আলোচনা করো। ২+৮
- চ) আদি বাংলার সময়কাল নির্দেশ করো। আদি বাংলার  
ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ২+৮
- ছ) অনুপ্রাস অলংকারের সংজ্ঞা দাও। অনুপ্রাস অলংকারের  
শ্রেণিবিভাগ উল্লেখ করে উদাহরণসহ আলোচনা করো। ২+৮

- জ) ব্যাজস্তুতি অলংকার কী জাতীয় অলংকার? অলংকারটির  
সংজ্ঞা দিয়ে উদাহরণসহ আলোচনা করো। ২+৮
- ৪। যে-কোনো একটির ছন্দলিপি প্রস্তুত করো : ৪×১=৪
- ক) 'একথা জানিতে তুমি, ভারত-ঈশ্বর শা-জাহান,  
কালস্রোতে ভেসে যায় জীবন যৌবন ধনমান।'
- খ) 'বাঁশ বাগানের মাথার উপর চাঁদ উঠেছে ওই।  
মাগো আমার শোলক বলা কাজলা দিদি কই।'
- গ) দেখ নাকি হয় বেলা চলে যায় সারা হয়ে এল দিন!  
বাজে পূরবীর ছন্দে রবির শেষ রাগিণীর বীণ।
- ৫। যে-কোনো দুটির অলংকার নির্ণয় করো : ২×২=৪
- ক) অতি বড় বৃদ্ধ পতি সিদ্ধিতে নিপুণ।  
কোন গুণ নাই তার কপালে আগুন।।
- খ) পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি।
- গ) কাদম্বিনী মরিয়া প্রমাণ করিল, সে মরে নাই।
- ঘ) লঙ্কার পঙ্কজ রবি গেলা অস্তাচলে —।